

ফাউন্ডেশনের সদস্যপদলাভ :

১. সদস্য/সদস্যদের শ্রেণী বিভাগ :

- ক) দাতা সদস্য (Donor Member)
- খ) আজীবন সদস্য (Life Member)
- গ) সহযোগী সদস্য (Associate Member)

২. সদস্য পদের ধরণ :

ক) দাতা সদস্য

যে কোন দেশী বা বিদেশী নাগরিক এককালীন ১,০০,০০০/-(এক লক্ষ) বা তদুর্ধ্বে টাক্ দান করে দাতা সদস্য পদ লাভ করতে পারবেন।

খ) আজীবন সদস্য

আজীবন সদস্য / সদস্যদের যোগ্যতা ধারা ৭.৩ মোতাবেক এককালীন ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা পরিশোধ করতে হবে।

গ) সহযোগী সদস্য : সাহা সম্প্রদায়ের যে কোন ব্যক্তি ধারা ৭.৩ মোতাবেক এককালীন ৩,০০০ (তিন হাজার) টাকা ফি দিয়ে সহযোগী সদস্য লাভ করবেন। সহযোগী সদস্যের কোন ভোটাধিকার থাকবেনা এবং তিনি কার্যনির্বাহী পরিষদের সদস্য হতে পারবেনা।

৩. সদস্য/সদস্যদের ভর্তির নিয়মাবলী

ক) দেশ-বিদেশে অবস্থানরত সাহা সম্প্রদায়ের আগ্রহী এবং উৎসাহিত ব্যক্তি এই সংস্থার সদস্য হতে পারবেন।

খ) সংস্থা কর্তৃক নির্ধারিত আবেদনপত্রের মাধ্যমে ফি সহ, সভাপতি/সাধারণ সম্পাদক বরাবর জমা দিতে হবে।

গ) সংস্থার আদর্শ ও উদ্দেশ্যাবলীতে অনুগত হতে হবে।

ঘ) কার্য নির্বাহী পরিষদের সভায় সদস্য পদের আবেদনপত্র মঞ্জুর/ খারিজ হবে।

ঙ) নির্ধারিত আবেদন পত্র সংস্থার ২(দুই) জন নিয়মিত সদস্যের সুপারিশ লাগবে। সাধারণ সম্পাদক জমাকৃত আবেদনপত্র অনুমোদনের জন্য পেশ করবেন এবং অনুমোদনক্রমে সদস্য/সদস্যা খাতায় লিপিবদ্ধ করবেন।

চ) সদস্য/সদস্যদের বয়স সর্বনিম্ন ১৮(আঠার) বৎসর এবং সমমনা সৃজনশীল হতে হবে।

ছ) সদস্যদের নিবন্ধন ফি, চাঁদা বা অনুদানের অর্থ কোনো কারণেই ফেরত দেয়া হবে না।

জ) একজন সহযোগী সদস্য যে কোন সময় নির্ধারিত ফি পরিশোধ করে আজীবন সদস্য লাভের জন্য আবেদন করতে পারবেন।

৪. সদস্য/সদস্যদের অধিকার ও সুবিধা

সহযোগী সদস্য/সদস্যা ব্যতিত সকল সদস্য/সদস্যদের ভোটাধিকার ও নির্বাচনে অংশগ্রহণের ক্ষমতা থাকবে। দাতা সদস্য/সদস্যগণ সংস্থার উন্নয়ন ও বৃহত্তর স্বার্থে পরামর্শদান বা নির্বাচন কমিশনের সদস্য/সদস্যা হিসাবে কাজ করতে পারবেন।

৫. সদস্য পদ বাতিল

যে কোন সদস্য/সদস্যের সদস্য পদ নিম্ন লিখিত কারণে বাতিল হবে :

১. যদি স্বেচ্ছায় পদত্যাগ করেন।
২. যদি মানসিক ভারসাম্য হারান।
৩. কোন সদস্য বাংলাদেশের কোন আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হয়ে থাকলে।
৪. যদি সংস্থার পরিপন্থি কোন কাজ করেন বা তাঁর স্বাভাব, আচরন সংস্থার পরিপন্থি হয় অথবা তহবিল তছরূপ করেন।
৫. কোন সদস্য/সদস্য অত্র সংস্থায় চাকুরী গ্রহন করলে তাঁর চাকুরীকালীন সময়ে ভোটাধিকার স্থগিত থাকবে। কোন সদস্য অত্র সংস্থা হতে অন্য কোন অবৈধ আর্থিক সুবিধা গ্রহন করলে সেক্ষেত্রে তাঁর সদস্যপদ বাতিল হবে।
৬. একজন পদত্যাগকারী সদস্যের সদস্যপদ তার পদত্যাগপত্র কার্যনির্বাহী পরিষদ কর্তৃক গ্রহণ না করা পর্যন্ত বহাল থাকবে।

৬. পুনঃভর্তি

যে কোন সদস্য/সদস্য সদস্য পদ হারালে তাঁর ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করলে এমন সদস্য বা সদস্যকে ভর্তির জন্য নতুনভাবে আবেদন করতে হবে। তাঁর সদস্যপদ পুনরায় প্রদানের জন্য ধারা ৭.৩ কার্যকর হবে।

৭. ফাউন্ডেশনের সদস্যসংখ্যা সীমাবদ্ধ নয়।

শাখা ও বিদেশস্থ কমিটি:

ক) শাখা কমিটি:

- ১) কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে বাংলাদেশের অভ্যন্তরে সংশ্লিষ্ট এলাকায় অবস্থানরত ফাউন্ডেশনের সদস্যদের সমন্বয়ে বিভিন্ন বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে শাখা কমিটি গঠন করা যাবে।
- ২) বিভাগ/জেলা/ উপজেলার নাম যুক্ত করে অনুমোদিত শাখার নাম নির্ধারিত হবে।
- ৩) শাখা কমিটিসমূহ নিজ নিজ ক্ষেত্রে ফাউন্ডেশনের উদ্দেশ্য ও লক্ষ্য পূরণের জন্য কাজ করবে।
- ৪) শাখা কমিটি কর্তৃক বার্ষিক প্রতিবেদন ও সদস্যদের তালিকা ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক বরাবর প্রেরণ করতে হবে। তা অবশ্যই শাখা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরিত হতে হবে।
- ৫) অন্তত ২৫ জন সদস্য না হলে শাখা কমিটি অনুমোদন যোগ্য হবেনা।
- ৬) শাখা অনুমোদনের জন্য ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ফি এবং পরবর্তীতে নবায়ন ফি বাবদ প্রতিবৎসর ১০,০০০ (দশ হাজার) টাকা ফাউন্ডেশনকে দিতে হবে।
- ৭) ফাউন্ডেশনের সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী পরিষদ সম্পর্কিত বিধানগুলি স্বীকৃতিপ্রাপ্ত শাখা সমূহের কমিটি ও সাধারণ সভার ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
- ৮) একজন শাখা সদস্য ধারা ৭.৩ মোতাবেক কেন্দ্রীয় সদস্য পদ লাভ করতে পারবে।

খ) বিদেশস্থ কমিটি: বাংলাদেশের বাইরে বিভিন্ন দেশে অবস্থানরত সাহা ফাউন্ডেশনের ভাবাদর্শ অনুসরণে সে সব দেশের নিয়মনীতি অনুসরণ পূর্বক কোন সংগঠন প্রতিষ্ঠা করতে পারবে। উক্তরূপ সংগঠনগুলি ফাউন্ডেশনের মর্যাদা ও ভাবমূর্তি উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখবে। ফাউন্ডেশন উক্ত সংগঠন গুলির সাথে সৌভ্রাতৃত্বমূলক সম্পর্ক বজায় রাখবে। বিদেশস্থ এরূপ কোন সংগঠন বাংলাদেশে শিক্ষা বিস্তার, সমাজসেবা বা অন্য কোন উন্নয়নমূলক কর্মকাণ্ড পরিচালনা করতে আগ্রহী হলে তা ফাউন্ডেশনের কার্যনির্বাহী পরিষদকে অবহিত করবে। এ বিষয়ে ফাউন্ডেশন সার্বিক সহযোগিতা প্রদান করবে।